গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।
www.debendracollege.gov.bd

স্মারক নং- সদেক/২০২২/হিসাব/এন-১/১৯৮ তারিখ : ২৪/০৩/২০২২ খ্রি.

এস.এস.সি-২০২১ এবং এইচ.এস.সি-২০২০ সালের পরীক্ষায় বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের বৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি:

এতদ্বারা অত্র কলেজে বিভিন্ন শ্রেণিতে অধ্যয়নরত ছাত্র- ছাত্রীদের জানানো যাচ্ছে যে, ২০২১ সালের এস.এস.সি এবং ২০২০ সালের এইচ.এস.সি পরীক্ষায় পাসকৃত রাজস্ব খাতভূক্ত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) নিয়মিত শিক্ষার্থীদের (মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃক বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থী ব্যতীত) বৃত্তির টাকা G2P পদ্ধতিতে E.F.T- এর মাধ্যমে সরাসরি শিক্ষার্থীদের ব্যাংক হিসাবে প্রেরণ করা হবে। এ লক্ষ্যে ২০২১ সালের এস.এস.সি এবং ২০২০ সালের এইচ.এস.সি পরীক্ষায় পাসকৃত বৃত্তিপ্রাপ্ত (মেধা ও সাধারণ) শিক্ষার্থীদের অনলাইন সুবিধাসম্পন্ন ব্যাংক হিসাব খুলে নিম্নবর্ণিত কাজগপত্রসহ ব্যাংক হিসাব নম্বর আগামী ৩০/০৩/২০২২ তারিখের মধ্যে কলেজের হিসাব শাখায় জমা দেয়ার জন্য নির্দেশ দেয়া হলো।

উল্লেখ্য যে, সঠিক তথ্যাদি ও প্রয়োজনীয় কাগজপত্র কলেজের হিসাব শাখায় জমা না দিলে বৃত্তির টাকা উত্তোলন করা কোন ভাবেই সম্ভব হবে না এবং এর জন্য কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

প্রয়োজনীয় কাগজপত্রাদি:

০১। কলেজের হিসাব শাখা হতে অনলাইন ফরম সংগ্রহ করে সঠিক ও নির্ভুলভাবে পূরণ করা।
০২। বৃত্তিপ্রাপ্ত গেজেটের ফটোকপি।
০৩। এস.এস.সি/এইচ.এস.সি পরীক্ষার নম্বর পত্রের ফটোকপি।
০৪। পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ণ পত্র।
০৫। ব্যাংক হিসাব খোলার প্রমাণ পত্র।
০৬। ১৩ থেকে ১৭ ডিজিটের সঠিক ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম, ব্যাংক শাখার নাম ও রাউটিং নম্বর (বিকাশ, শিওর , ক্যাশ, ট্যাব, নগদ, এজেন্ট ব্যাংকিংসহ এ ধরণের হিসাব নম্বর ব্যতিত)।
০৭। শিক্ষার্থীর কলেজ আই. ডি. কার্ড- এর ফটোকপি।
০৮। শিক্ষার্থীর জন্ম সনদের ফটোকপি।
০৯। পিতা- মাতার এন. আই. ডি কার্ডের ফটোকপি।
১০। শিক্ষার্থীর সক্রিয় মোবাইল নম্বর।

প্রতিস্বাক্ষর
অধ্যক্ষ ২৪.৩.২০২২
সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।

আহবায়ক ২৪/০৩/২২
একাদশ শ্রেণির ভর্তি কমিটি/২০২১-২২
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।

H:\TRANSCEND\Notich (Scholarship).doc